

# ১নং ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

ডাকঘর : খামারপাড়া, উপজেলা : বোয়ালমারী, জেলাঃ ফরিদপুর।

স্মারকনং ঘোষ/ইউপি-৩০/২০২৩

তারিখ : ২৫/০৫/২০২৩খ্রিঃ

## ইউনিয়ন আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণীঃ

সভার স্থান : ঘোষপুর ইউনিয়ন পরিষদ কার্যালয়

সভার তারিখ : ২৫-০৫-২০২৩খ্রিঃ

সময় : সকাল ১০.০০ টা

উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর :

ক্রমিকনং	উপস্থিত সদস্যদের নাম	পদবী	পদবী	স্বাক্ষর
১.	জনাব মোঃ ইমরান হোসেন	ইউ.পি চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২.	জনাব সাবিনা বেগম	স:ম: সদস্য - ০১	সদস্য	স্বাক্ষরিত
৩.	জনাব মোছাঃ ফেরদৌসি খানম	স:ম: সদস্য - ০২	সদস্য	স্বাক্ষরিত
৪.	জনাব মোছাঃ আয়শা বেগম	স:ম: সদস্য - ০৩	সদস্য	স্বাক্ষরিত
৫.	জনাব ফুল মিয়া	সদস্য ০১ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৬.	জনাব মোঃ ফিরোজ মোল্যা	সদস্য ০২ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ সেলিম হোসেন	সদস্য ০৩ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৮.	জনাব মোঃ কামরুল ইসলাম	সদস্য ০৪ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
৯.	জনাব মোঃ জিয়াউর রহমান	সদস্য ০৫ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১০.	জনাব নান্নু মিয়া	সদস্য ০৬ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১১.	জনাব মোঃ দেলোয়ার হোসেন	সদস্য ০৭ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১২.	জনাব মোঃ সামচুজ্জামান	সদস্য ০৮ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৩.	জনাব তপন কুমার সরকার	সদস্য ০৯ নংওয়ার্ড	সদস্য	স্বাক্ষরিত
১৪.	জনাব মোঃ সরোয়ার মোল্যা	মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক	সদস্য	স্বাক্ষরিত
১৫.	জনাব সাজেদুল হক বাবুল	সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক	সদস্য	স্বাক্ষরিত
১৬.	জনাব কার্নিজ ফাতেমা	ঈরিবার কল্যাণ সহকারী	সদস্য	স্বাক্ষরিত
১৭.	জনাব মোঃ আয়ুব আলী মোল্যা	ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
১৮.	জনাব তাওহীদুর রহমান	ইউনিয়ন স্বাস্থ্য পরিদর্শক	সদস্য	স্বাক্ষরিত
১৯.	জনাব মোঃ এমরান	উপসহকারী কৃষি কর্মকর্তা	সদস্য	স্বাক্ষরিত
২০.	জনাব কাজী রফিউদ্দীন	গণ্যমান্য প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
২১.	জনাব মোঃ কুদ্দুস মোল্যা	গণ্যমান্য প্রতিনিধি	সদস্য	স্বাক্ষরিত
২২.	জনাব মোহাম্মাদ রিবুল হোসেন	ইউপি সচিব	সদস্য-সচিব	স্বাক্ষরিত

- আলোচ্য সূচীঃ ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।  
২। সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা।  
৩। গ্রাম পুলিশদের রাত্ৰিকালীন পাহারা নিশ্চিত করণ প্রসঙ্গে।  
৪। বিবিধ।

অধ্যকার আইন শৃংখলা কমিটির সভায় মোঃ ইমরান হোসেন, চেয়ারম্যান সাহেব উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভাপতির আসন গ্রহণ করলে সভার কার্য আরম্ভ করা হয়।

আলোচনা নং-১.১। অধ্যকার সভার শুরুতে সভাপতি সাহেবের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে সর্বসম্মতি ক্রমে দৃঢ় করণকরা হয়।

২.১। সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা প্রসঙ্গে : সভাপতি সাহেব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বোয়ালমারী, ফরিদপুর এর উদ্ধৃতি দিয়ে উপস্থিত সকলকে বলেন যে, অত্র ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি পর্যালোচনা সহ সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রন করার উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। তিনি এ বিষয়ে বিস্তারিত আলোচনা পূর্বক করণীয় নির্ধারণের জন্য সকলকে অনুরোধ জানান।

উপস্থাপিত বিষয়ে অত্র ইউনিয়ন পরিষদের সদস্য জনাব মোঃ কামরুল ইসলাম আলোচনায় অংশগ্রহণ পূর্বক বলেন যে, আইন শৃংখলা পরিস্থিতি আগের তুলনায় অনেকটা ভাল। তবে মাদক দ্রব্যের ব্যবহার ব্যাপক হারে বেড়ে গেছে এবং এলাকার যুব সমাজকে ধ্বংস করার লক্ষ্যে এ তৎপরতা অব্যাহত রয়েছে। এলাকার বৃহত্তর স্বার্থে সম্মিলিত ও সমন্বিত উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন। অধ্যকার সভার সভাপতি সাহেব বলেন যে, সারা দেশের আইন শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রন করা না গেলে বাংলাদেশ উন্নয়নশীল দেশে উন্নীত হতে ব্যর্থ হবে। জাতিসংঘ বা অন্যান্য দাতা সংস্থার জরীপে/মার্কিং এ বাংলাদেশের অবস্থান খারাপ হলে দেশের সার্বিক উন্নয়ন সম্ভব হবে না। তিনি এ পরিস্থিতির উন্নয়নে মাদকাসক্ত সহ সকল অভিভাবককে সচেতন হতে হবে এবং যার যার অবস্থান হতে এ বিষয়ে কাজ করতে হবে। মাদকসেবী ও মাদক বিক্রেতাদের চিহ্নিত ও তালিকা তৈরী করে উন্মুক্ত স্থান/বিভিন্ন গুরুত্বপূর্ণ অবস্থানে টানিয়ে দিতে হবে। জনাব মোসাঃ ফেরদৌসি খানম, সংরক্ষিত মহিলা সদস্য সাহেব বলেন যে, পুলিশ প্রশাসন সক্রিয় ভাবে দেশের কাজ করলে এলাকার আইন শৃংখলা পরিস্থিতি সার্বিক ভাবে নিয়ন্ত্রণ করা সম্ভব। তিনি উপজেলা আইন শৃংখলা কমিটির সভায় জোরালো ভাবে এ বিষয়টি উপস্থাপনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

৩.১। গ্রাম পুলিশদের রাত্ৰি কালীন পাহারা নিশ্চিত করণ প্রসঙ্গে : সভাপতি সাহেবের অনুমতি ক্রমে জনাব মোঃ ফুল মিয়া ইউপি সদস্য সাহেব বলেন যে, ঘোষপুর ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশগণ যথাযথ ভাবে দায়িত্ব পালন করলে বিশেষতঃ রাত্ৰি কালীন পাহারা নিশ্চিত করলে এলাকার আইন-শৃংখলা পরিস্থিতির যথেষ্ট উন্নয়ন করা সম্ভব হবে। তিনি এ বিষয়ে দফাদার জনাব মোঃ নূও আলীর দৃষ্টি আকর্ষণ পূর্বক এলাকার রাত্ৰি কালীন পাহারা নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদানের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তপন কুমার সরকার ইউপি সদস্য সাহেবের উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রত্যেক ওয়ার্ডে রাত্ৰি কালীন পাহারা নিশ্চিত করার জন্য গ্রাম পুলিশগণ কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর সভার অন্য কোন আলোচনা না হওয়ায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভারস মাণ্ডি ঘোষণা করেন।

সভাপতি

